



রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম বুধবার পশ্চিমবঙ্গ ভ্যালুয়েশন বোর্ডের সরকারি ওয়েবসাইটের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এদিন সল্টলেকের ময়ূখ ভবনে সংস্থার সদর কার্যালয়ে এই পরিষেবার শুভারম্ভ হয়। অনুষ্ঠানে হাজির ছিলেন ভ্যালুয়েশন বোর্ডের চেয়ারম্যান নীহাররঞ্জন বন্দ্যোপাধ্যায়, পুর দপ্তরের প্রধান সচিব ওঙ্কার সিং মীনা প্রমুখ। এ প্রসঙ্গে পুরমন্ত্রী ফিরহাদ সাহেব বলেন, রাজ্যের বিভিন্ন পুর এলাকার কর কাঠামো নির্ধারণ ও গোটা ব্যবস্থায় স্বচ্ছতা আনতে এই ওয়েবসাইট সহায়কের ভূমিকা পালন করবে। শুধু তাই নয়, আগামীদিনে সাধারণ মানুষ ঘরে বসেই নিজস্ব সম্পত্তিকর সম্পর্কে সম্যক ধারণা করতে পারবেন। -নিজস্ব চিত্র